



দৈনিক আজাদী



স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

মঙ্গলবার

২০ ডিসেম্বর ২০২২

www.edainikazadi.net বেই, নং-৫-৫৪ | ৩৩তম বর্ষ ১০৫ সংখ্যা | ৫ পৃষ্ঠা ১৪২৯ সপ্ত | ২৫ জনমিউল আউয়াল ১৪৪৪ হিজরি

৮ পৃষ্ঠা

৭ টাকা

আইআইইউসিতে বিশ্ব আরবি ভাষা দিবস পালিত

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে (আইআইইউসি) বিশ্ব আরবি ভাষা দিবস পালিত হয়। ২০১২ সাল থেকে প্রতি বছর ১৮ ডিসেম্বর জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা বা ইউনেস্কোর উদ্যোগে দিবসটি পালন করা হয়। এবারের দিবসটির প্রতিপাদ্য হলো ‘মানব সভ্যতা ও সংস্কৃতিতে আরবি ভাষার অবদান’।

এ উপলক্ষে আলোচনা সভা ও র্যালির আয়োজন করেছে আরবি ভাষা ও সাহিত্য বিভাগ। কেন্দ্রীয় অডিটোরিয়ামে আলোচনা সভায় বক্তারা মানব সভ্যতা ও সংস্কৃতির বিকাশ ও কল্যাণে আরবি ভাষার গুরুত্ব এবং এর শিক্ষাদান পদ্ধতি নিয়ে আলোচনা করেন।

সভা শেষে একটি র্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এতে প্রধান অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। উপস্থিত ছিলেন প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মছররুল মাওলা,



বিশ্ব আরবি ভাষা দিবস উপলক্ষে আইআইইউসির র্যালি

ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর ইফতেখার উদ্দিন চৌধুরী প্রমুখ। বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মাদ মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত র্যালি আরবি বিভাগের সামনে এসে শেষ হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 19 December 2022, Page: 3, Col: 3

<https://edainikazadi.net/index.php?page=1&date=2022-12-20>



দৈনিক পূর্বকোণ

চট্টগ্রাম মঙ্গলবার ২৩ ডিসেম্বর ২০২২

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত



রেডিং নম্বর-৫৮৯।। ৩৭তম বর্ষ ২৯৮তম সংখ্যা।। ৫ পৃষ্ঠা ১৪২৯ বঙ্গাব্দ।। ২৫ জামদানি আউগাল ১৪৪৪ বিক্রি।। Tuesday 20 December 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net f /DailyPurbokone t /DailyPurbokone



আইআইইউসিতে বিশ্ব আরবি ভাষা দিবস পালনে র্যালি

আইআইইউসিতে বিশ্ব আরবি ভাষা দিবস পালনে সভা ও র্যালি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে গতকাল সোমবার বিশ্ব আরবি ভাষা দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও র্যালির আয়োজন করেছে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের 'আরবি ভাষা ও সাহিত্য বিভাগ'। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে দিবসটি উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে অডিটোরিয়াম থেকে একটি র্যালি বের হয়ে পুরো ক্যাম্পাস প্রদারণ করে। র্যালিতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। উপস্থিত ছিলেন প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মছররুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, রেজিস্টার আ ফ ম আখতারুজ্জামান কায়সার।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 19 December 2022, Page: 3, Col: 1
<https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-12-20>